



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর।

সভাপতি	আবদুল কাইউম উপ - মহাপরিদর্শক
সভার তারিখ	২৪ আগস্ট, ২০২২
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	উপমহাপরিদর্শকের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভাপতি SDG (এসডিজি) লক্ষ্যমাত্রা বাস্তবায়ন বিষয়ক মাসিক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য এসডিজি বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচনা শুরু করার আহ্বান জানান।

২। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণদের সাথে বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি ও দুর্ঘটনার হার হ্রাসকরণঃ	এসডিজি ইন্ডিকের ৮.৮.১ অনুযায়ী কারখানার নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি ও দুর্ঘটনার হার কমানোর জন্য বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত সেফটি কমিটিগুলোকে কার্যকর করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া কারখানা পর্যায়ে অগ্নিনির্বাপন মহড়া নিয়মিত হয় কিনা সে বিষয়ে মনিটরিং করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	কারখানা/প্রতিষ্ঠানে গঠিত সেফটি কমিটি কার্যকর ও অগ্নিনির্বাপন মহড়া আয়োজন হয় কিনা তা মনিটরিং করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ ও অত্র কার্যালয়ের সকল পরিদর্শক

২.২	সভা ও সেমিনার এবং উদ্বুদ্ধকরণ সভাঃ	SDG লক্ষ্যমাত্রা অনুযায়ী শোভন কর্মপরিবেশ নিশ্চিতকল্পে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতি মাসে পরিদর্শকগণের স্ব স্ব কর্ম এলাকায় কারখানা/ প্রতিষ্ঠান পর্যায়ে এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	সভা/সেমিনার আয়োজন অব্যাহত রাখতে হবে।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
২.৩	শিশুশ্রম নিরসন কার্যক্রমঃ	শিশুশ্রম নিরসন বিষয়ে প্লাস্টিক কারখানা ও অন্যান্য ঝুঁকিপূর্ণ সেক্টরে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	শিশুশ্রম নিরসনে বিশেষ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
২.৪	সমকাজে সম মজুরীঃ	অত্র দপ্তরের শ্রম পরিদর্শক জনাব মোঃ শওকত হোসেন বলেন যে, নারী-পুরুষকে সম কাজে সম মজুরী নিশ্চিত করার জন্য কারখানা/ প্রতিষ্ঠান পর্যায়ে পরিদর্শনকালে মনিটরিং অব্যাহত রাখা প্রয়োজন।	কারখানা/প্রতিষ্ঠানে নিয়োজিত নারী-পুরুষ নির্বিশেষে সম কাজে সম মজুরী প্রদান করতে হবে।	কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ও তদারকি করবেন অত্র কার্যালয়ের সকল পরিদর্শক

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবদুল কাইউম
উপ-মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৪১০০.১০১.১৮.০৫২.১৯.১০৩

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯

০৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (সদয় অবগতির জন্য)।
- ২) শ্রম পরিদর্শক, সকল অত্র কার্যালয়।
- ৩) অফিস কপি।



জগদীশ চন্দ্র দাস

শ্রম পরিদর্শক ও বিকল্প ফোকাল পয়েন্ট,
এসডিজি